

# ছাত্রসংসদ প্রতিষ্ঠার দাবিতে কুবিতে সংবাদ সম্মেলন

কুবি প্রতিনিধি



ছবি : কালের কঠ

কুমিল্লা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্রসংসদ (কুকসু) প্রতিষ্ঠার দাবিতে

‘কুকসু প্রতিষ্ঠা আন্দোলন’ নামে একটি নতুন প্ল্যাটফরম ঘোষণা

করেছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। মঙ্গলবার (৮ জুলাই) বিকেল

৪টার দিকে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ক্যাফেটেরিয়ায় আয়োজিত

এক সংবাদ সম্মেলনের মাধ্যমে এ ঘোষণা দেওয়া হয়।

সংবাদ সম্মেলনে উপস্থিত শিক্ষার্থীরা জানান, আগামী ১৫ দিনের

মধ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে সিভিকেট সভা ডেকে ছাত্রসংসদ

গঠনের জন্য উদ্যোগ নিতে হবে। দাবি পূরণে ব্যর্থ হলে বড়

পরিসরে আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে বলেও সতর্ক

করেন তারা।

শতুন



কুবি উপাচার্যের মেয়ের পোষ্য কোটায় ভর্তি নিয়ে বিতর্ক

শিক্ষার্থীরা অভিযোগ করে বলেন, বাজেট ঘাটতি ও প্রশাসনিক জটিলতার কারণে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের ন্যায্য দাবিগুলো বারবার উপেক্ষিত হচ্ছে। এই প্রেক্ষাপটে তারা মনে করেন, একটি কার্যকর ও গণতান্ত্রিক ছাত্রসংসদ (কুকসু) প্রতিষ্ঠা সময়ের দাবি হয়ে উঠেছে। বিভিন্ন মতাদর্শের শিক্ষার্থীদের এক্যবন্ধ করে নতুন একটি নিরপেক্ষ প্ল্যাটফরম হিসেবে ‘কুকসু প্রতিষ্ঠা আন্দোলন’ গড়ে তোলা হয়েছে বলে জানান তারা।

সংবাদ সম্মেলনে শিক্ষার্থীরা মোট পাঁচটি দাবি উত্থাপন করেন।

দাবিগুলোর মধ্যে রয়েছে কুমিল্লা বিশ্ববিদ্যালয় আইনে ছাত্রসংসদের বিষয়টি স্পষ্টভাবে উল্লেখ করতে হবে, আইনে ছাত্রসংসদের কাঠামো সুনির্দিষ্টভাবে নির্ধারণ করতে হবে, গঠনতন্ত্র প্রণয়নের জন্য একটি কমিটি গঠন করতে হবে, ছাত্রসংসদ নির্বাচনের জন্য একটি সুস্পষ্ট রোডম্যাপ প্রকাশ করতে হবে এবং আগামী ১৫ দিনের মধ্যে সিভিকেট সভা ডেকে এসব দাবির বাস্তবায়নে পদক্ষেপ নিতে হবে।

বিশ্ববিদ্যালয়ের ২০২০-২১ শিক্ষাবর্ষের ফার্মেসি বিভাগের শিক্ষার্থী নাইম ভুঁইয়া সংবাদ সম্মেলনে বলেন, ‘লেজুড়বৃত্তিক ছাত্ররাজনীতি থেকে বের হয়ে শিক্ষার্থীদের অধিকার আদায়ের জন্য ছাত্রসংসদ প্রতিষ্ঠা এখন সময়ের দাবি। আমরা প্রশাসনকে ১৫ দিনের

আলটিমেটাম দিছি। এর মধ্যে কার্যকর কোনো পদক্ষেপ না নিলে

আমরা কঠোর আন্দোলনে যাব।

,

সংবাদ সম্মেলন শেষে বিশ্ববিদ্যালয় প্রশাসন তাদের দাবিসমূহ

গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে এবং দ্রুত বাস্তবায়নের উদ্যোগ

নেবে বলে আশা প্রকাশ করেন উপস্থিত শিক্ষার্থীরা।